

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উচ্চমাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (HSTTI)  
কোটবাড়ী, কুমিল্লা।  
ই-মেইল: [comillahstti@yahoo.com](mailto:comillahstti@yahoo.com)

অদ্য ৩০/০৪/২০১৮ খ্রি: তারিখ পরিচালক মহোদয়ের কক্ষে ভারপ্রাপ্ত পরিচালক প্রফেসর মো: শাহজাহান এর সভাপতিত্বে অনুষদ সদস্যগণের সমন্বয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সকলের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে কমিটি ভিত্তিক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

➤ পরিস্কার পরিচ্ছন্নতা কমিটি:

সিদ্ধান্ত : পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা। ভাংগা কাচসহ যাবতীয় মালামাল পৌর ডাষ্টবিনে ফেলার বিষয়ে সংশ্লিষ্ট কাউন্সিলরের সাথে আলোচনার জন্য জনাব মো: শাহাবুদ্দিনকে দায়িত্ব প্রদান।

➤ কম্পিউটার ল্যাব সংস্কার ও নামকরণ কমিটি:

সিদ্ধান্ত : নীচতলা কম্পিউটার ল্যাবের নাম বীরশ্রেষ্ঠ মতিউর রহমান নাম নামকরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়।

দ্বিতীয় তলার ল্যাবের নাম বীরশ্রেষ্ঠ মোহাম্মদ রুহুল আমিন নামে নামকরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়।

গ্রন্থাগারের নাম কাজী নজরুল ইসলাম নামে নামকরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়।

লাইব্রেরী সহকারী জনাব মো: রফিকুল আলমকে কাজী নজরুল ইসলামের সৃষ্টি কর্মের তথ্য সংগ্রহ করার জন্য দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়।

❖ ওয়েব সাইট আপডেটকরণসহ সংশ্লিষ্ট কাজ ভারপ্রাপ্ত পরিচালক মহোদয়কে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

❖ আসন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য জরুরি ভিত্তিতে মালামাল ক্রয়ের লক্ষ্যে কমিটির আহ্বায়ক জনাব এ কে এম জিল্লুর রহমানকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়। মালামাল সমূহ উপযুক্ত জায়গায় স্থাপনের সিদ্ধান্ত প্রদান করা হয়।

❖ বিনষ্ট কম্পিউটার সামগ্রির তালিকা তৈরী করে ভারপ্রাপ্ত পরিচালক মহোদয়কে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

➤ ষ্টক যাচাই কমিটি:

সিদ্ধান্ত: কমিটিকে ০৩/০৫/২০১৮ খ্রি: তারিখের মধ্যে ষ্টক তৈরি করে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

➤ হোস্টেল কমিটি:

সিদ্ধান্ত : ০১) কমিটিকে তাদের কর্মপরিকল্পনা পরিচালক মহোদয়ের নিকট দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বর্ণিত কাজসমূহ হোস্টেল ফান্ড থেকে টাকা উত্তোলন পূর্বক কাজ সম্পাদনের পরামর্শ দেওয়া হয়।

০২) হোস্টেলের অস্থায়ী কর্মচারীদের মাসিক পারিশ্রমিক ৪০০০/- (চার হাজার) টাকা থেকে বৃদ্ধি করে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

➤ রেস্ট হাউস কমিটি:

সিদ্ধান্ত: রেস্ট হাউসের টয়লেট সমূহ সরজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় মালামাল জরুরি ভিত্তিতে ক্রয়পূর্বক পরিস্কার করার ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

মশারী, বালিশের খোল, পাপস ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

লাইব্রেরী কমিটি:

কমিটিকে লাইব্রেরী ব্যবহারের নীতিমালা তৈরি পূর্বক সকল ফ্যাকালটি মেম্বরদেরকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

➤ বিবিধ :

০৮/০৫/২০১৮ খি: তারিখ থেকে অনুষ্ঠিতব্য শিক্ষা বিষয়ক ডিজিটাল কনটেন্ট ডেভলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণ পরিচালনার জন্য নিম্নরূপ কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়।

কমিটি :

০১	প্রফেসর মো: শাহজাহান পরিচালক (ভারপ্রাপ্ত)	কোর্স-পরিচালক
০২	জনাব সোমেশ কর চৌধুরী উপ-পরিচালক	চীপ কোর্স কো-অর্ডিনেটর
০৩	জনাব এ কে এম জিল্লুর রহমান সহকারী পরিচালক	কোর্স কো-অর্ডিনেটর

কোর্স সহায়ক:

৩য় শ্রেণীর কর্মচার :

- ০১) জনাব মো: মাজহারুল আলম  
প্রধান সহকারী
- ০২) জনাব দৌলত আহমেদ  
ডাটা এন্ট্রি অপারেটর
- ০৩) জনাব মো: মাসুদ করিম  
ডাটা এন্ট্রি অপারেটর
- ০৪) জনাব মো: আব্দুল ওয়াদুদ  
অডিও ভিজ্যুয়াল সহকারী

৪র্থ শ্রেণীর কর্মচারী :

- ১ম সপ্তাহ : মো: জাকির হোসেন, কবির/বাশার
- ২য় সপ্তাহ : মো: আশরাফুল আলম, মো: সফিকুর রহমান
- ৩য় সপ্তাহ : মো: আশরাফুল আলম, মো: মমিন মিয়া।

আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি মহোদয়ের ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অধ্যকার সভার সমাপ্তি ঘোষণা করা হয়।